

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট : www.bangladeshbank.org.bd

এফ,ই সার্কুলার নং-০৩

তারিখঃ

বৈশাখ ২৪, ১৪১৬
মে ০৭, ২০০৯

বৈদেশিক মুদ্রা লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

**বৈশ্বিক অর্থনৈতিক মন্দার প্রভাব মোকাবিলায় প্রণীত প্রণোদনা প্যাকেজের
আওতায় রপ্তানিখাতে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।**

২০০৮-২০০৯ অর্থ বছরে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তা প্রদান সংক্রান্ত বিষয়ে জারীকৃত এফ,ই সার্কুলার নং ০৮ তারিখ আগষ্ট ৩১, ২০০৮ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক বাংলাদেশে বৈশ্বিক অর্থনৈতিক মন্দার প্রভাব মোকাবিলায় সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক এপ্রিল ০১, ২০০৯ থেকে জুন ৩০, ২০০৯ পর্যন্ত সময়ে জাহাজীকৃত পাটজাত দ্রব্যাদি, চামড়াজাত দ্রব্যাদি এবং হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ রপ্তানিখাতে রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তার হার নিম্নবর্ণিতভাবে সংশোধিত করা হলো :

রপ্তানি খাতের নাম	বর্তমান হার	এপ্রিল ০১, ২০০৯ থেকে জুন ৩০, ২০০৯ পর্যন্ত জাহাজীকৃত সময়ে প্রযোজ্য হার
১) পাটজাত দ্রব্যাদি	৭.৫০%	১০%
২) চামড়াজাত দ্রব্যাদি	১৫%	১৭.৫০%
৩) হিমায়িত চিংড়ি ও অন্যান্য মাছ	১০%	১২.৫০%

রপ্তানি ভর্তুকী/নগদ সহায়তার দাবি পরিশোধের বিষয়ে প্রযোজ্য সংশ্লিষ্ট সকল এফ,ই সার্কুলার/সার্কুলার পত্রের শর্তাবলী অপরিবর্তিত থাকবে। সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদনুসারে অবহিতকরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(খন্দকার আব্দুস সেলিম)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৭১২০৩৭৫